

# BANGLADESH ASSOCIATION FOR VOLUNTARY STERILIZATION(BAVS)

7/5/1, BARABAGH, MAIN ROAD, MIRPUR-2, DHAKA-1216

PHONE # 9002162, 9006071, 9002057, 9002012, Fax # 9002057, E-mail: bavshq@yahoo.com

স্মারক নং বিএভিএস/প্রশাসন/২০১৯/১৫২২৬

তারিখ : ১৫/১০/২০১৯ ইং


বিষয় : বিএভিএস সার্ভিস রুলস-এর Section-C "(Discipline and General Conduct)"-এর 2. (Grounds of Penalty-র) ধারায় উল্লেখিত a, b, c, e. এবং k উপধারা অনুসরণে এবং 3. (Penalties)-এর (a)-ধারার অন্তর্গত (iii), Recovery from the salary of the whole or part of any pecuniary loss caused to the BAVS by negligence or breach of orders, (v). Removal from service এবং (vi). Dismissal from service-তে বর্ণিত উপধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : (ক) বিএভিএস/প্রশাসন/২০১৯/১৫০৮২ তারিখ : ০৬/১০/২০১৯ ইং।  
(খ) "কারণ দর্শানো নোটিশের" প্রেক্ষিতে আপনার প্রদত্ত ১২/১০/২০১৯ ইং তারিখের জবাব।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ০৬/১০/২০১৯ ইং তারিখে আপনার বরাবর প্রেরিত "কারণ দর্শানো নোটিশের" প্রেক্ষিতে আপনার দাখিলী জবাব মোটেই সন্তোষজনক নয় এবং গ্রহণযোগ্যও নয়। আনিত অভিযোগসমূহের বিষয় আপনি বিভিন্নভাবে অপব্যখ্যা দেয়ার অপচেষ্টা করেছেন। কাউন্সেলর হিসেবে ক্লিনিকে আগত ভিএসসি ক্লায়েন্টের সঠিক তথ্য সংগ্রহ করে ফরম পূরণ করার দায়িত্ব প্রাথমিকভাবে আপনার উপরই বর্তায়। কিন্তু আপনি মিথ্যা তথ্য দিয়ে একাধিক ক্লায়েন্টের ক্ষেত্রে একই মোবাইল নম্বর ব্যবহার করেন এবং ভুল ঠিকানা ব্যবহার করেন যা' মোটেই কাম্য নয়। আপনি এহেন কর্মকান্ড দ্বারা অত্র সংস্থার সুনাম ও ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ণ করেছেন।

২। আপনার কার্যকলাপসমূহ বিএভিএস সংস্থার সুনাম ও স্বার্থের পরিপন্থী এবং মারাত্মক ক্ষতিকর যা' সার্ভিস রুলস-এর Section-C "(Discipline and General Conduct)"-এর (2) ধারায় Grounds of Penalty-র a, b, c, e. এবং k উপধারা অনুসারে শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত। সুতরাং আপনার দ্বারা সংঘটিত অপরাধের জন্য বিএভিএস সার্ভিস রুলস Section-C (Discipline and General Conduct)-র অধীন (3). Penalties)-এর (a)-তে বর্ণিত (iii), Recovery from the salary of the whole or part of any pecuniary loss caused to the BAVS by negligence or breach of orders, (v). Removal from service এবং (vi). Dismissal from service-তে উল্লেখিত উপধারার বিধান মোতাবেক কেন আপনার বিরুদ্ধে এক বা একাধিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তদমর্মে অত্র পত্র প্রাপ্তির পর আগামী ৭ (সাত) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জবাব দেয়ার নির্দেশ প্রদান করা হলো।

৩। অন্যথায়, অত্র সংস্থার বৃহত্তর স্বার্থে আপনার বিরুদ্ধে ২ নং প্যারায় উল্লিখিত "চাকুরিবিধি" মোতাবেক যে কোন কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রকাশ থাকে যে, নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট হতে কোন জবাব পাওয়া না গেলে "অপনার কোন জবাব নেই" মর্মে ধারণা করে আপনার বিরুদ্ধে একতরফা সিদ্ধান্ত গ্রহণ করা হবে।



মোঃ মীর হোসেন

উপ-সচিব

স্বাস্থ্য, শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

প্রশাসক, বিএভিএস।

মোঃ জাহিদুল হাসান  
কাউন্সেলর,  
বিএভিএস টাঙ্গাইল ক্লিনিক।

অনুলিপি : কার্যার্থে/জ্ঞাতার্থেঃ

- ১। প্রোগ্রাম কোঅর্ডিনেটর/ম্যানেজার (প্রোগ্রাম)/ম্যানেজার (হিসাব ও অর্থ), বিএভিএস প্রধান কার্যালয়।
- ২। ডিস্ট্রিক্ট ম্যানেজার, বিএভিএস টাঙ্গাইল ক্লিনিক।
- ৩। প্রশাসনিক কর্মকর্তা, বিএভিএস প্রধান কার্যালয়।
- ৪। অফিস কপি।